

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্মারক নং-খুবি/সাইটে-১৮/১৬-

১৪/১১/২০১৬

বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের স্নাতক/স্নাতক(সম্মান) ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং প্রকাশিত ভর্তি নিয়মাবলীর আলোকে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রকাশিত হলো (ফলাফল সংযুক্ত)। ফলাফলে কোনো ভুল কিংবা অসংগতি পরিলক্ষিত হলে কিংবা কোনো প্রার্থী ভুল তথ্য সরবরাহ করে পরীক্ষায় উত্তীর্ণ হলে যেকোনো পর্যায়ে তা সংশোধন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। ভর্তিসংক্রান্ত সকল কার্যক্রম বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের কনফারেন্স রুমে সম্পন্ন হবে। নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। নির্ধারিত দিন ও সময়ে ভর্তি ও নিবন্ধন প্রক্রিয়ায় উপস্থিত না থাকলে পরবর্তীতে ভর্তির ব্যাপারে প্রার্থীর কোনো দাবী গ্রহণযোগ্য হবে না।


ভর্তি সম্পন্ন করার জন্য প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র সংগে আনতে হবে :

- ১। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সনদ ও নম্বরপত্রের মূল কপি ও ৩টি করে ফটোকপি। প্রয়োজ্যক্ষেত্রে কলেজের প্রশংসাপত্র গ্রহণযোগ্য হতে পারে।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র।
- ৩। প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে মূল সনদপত্র এবং উপজাতি সনদ এর মূলকপি।
- ৪। আনুমানিক ৮,০০০/- (আট হাজার) টাকা প্রয়োজন হতে পারে।
- ৫। পরীক্ষার্থীর সদ্য তোলা ০৬ (ছয়) কপি পাসপোর্ট সাইজ ফটো।

নির্ধারিত সময়সূচি অনুযায়ী ভর্তি হওয়া শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। নির্ধারিত সময়ে কোনো শিক্ষার্থী কোর্স রেজিস্ট্রেশন না করলে তার ভর্তি বাতিল হবে এবং যথাশীঘ্র শূন্য আসনে অপেক্ষমান তালিকা থেকে ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত সকল বিষয়ে স্কুলের ডিনের কার্যালয়ে যোগাযোগ রাখার দায়িত্ব প্রার্থীর।

বিষয়	ভর্তির সময়সূচি	
	তারিখ	সময়
মেধা তালিকা থেকে ভর্তি	২২/১১/২০১৬	সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত
প্রথম অপেক্ষমান মেধা তালিকা থেকে ভর্তির জন্য নাম নিবন্ধন	০১/১২/২০১৬	সকাল ০৯ টা থেকে দুপুর ১২টা পর্যন্ত
নিবন্ধনকৃতদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী ভর্তি	০১/১২/২০১৬	দুপুর ০১টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত

ধন্যবাদান্তে,



(প্রফেসর ড. মোঃ রেজাউল হক)

ডিন

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল

ও সভাপতি

ভর্তি কমিটি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. ডিন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, চারুকলা ইনস্টিটিউট, খুলনা বিশ্ববিদ্যালয়
৩. রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়
৪. ছাত্র বিষয়ক পরিচালক, খুলনা বিশ্ববিদ্যালয়
৫. প্রভোস্ট, সকল হল, খুলনা বিশ্ববিদ্যালয়
৬. প্রধান চিকিৎসা কর্মকর্তা, খুলনা বিশ্ববিদ্যালয়
৭. সভাপতি, ওয়েবসাইট কমিটি, খুলনা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়
৯. উপাচার্য মহোদয়ের সচিব, খুলনা বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ)
১০. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা
১১. সংশ্লিষ্ট নথি।

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

স্নাতক/স্নাতক (সম্মান) ১ম বর্ষ
ভর্তি পরীক্ষার (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭) ফলাফল

(CSE, ECE)

মেধা তালিকা থেকে ভর্তি

মেধাক্রম (১-৭৬), মুক্তিযোদ্ধা মেধাক্রম (১-২) এবং উপজাতি মেধাক্রম (০১)
ভর্তির তারিখ : ২২/১১/২০১৬, সময় : ১০.০০-৪.০০

প্রথম অপেক্ষমান তালিকা থেকে ভর্তি

মেধাক্রম (৭৭-৩০৪), মুক্তিযোদ্ধা মেধাক্রম (৩-৮) এবং উপজাতি মেধাক্রম (নাই)

রিপোর্টের তারিখ : ০১/১২/২০১৬, সময় : ০৯.০০-১২.০০
ভর্তির তারিখ : ০১/১২/২০১৬, সময় : ০১.০০-৪.০০



(প্রফেসর ড. মোঃ রেজাউল হক)

ডিন

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল
ও সভাপতি, ভর্তি কমিটি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
স্নাতক/স্নাতক (সম্মান) ১ম বর্ষ

ভর্তি পরীক্ষার (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭) ফলাফল
(ARCH, CHEM, MATH, PHY, STAT, URP)

মেধা তালিকা থেকে ভর্তি


মেধাক্রম (১-২৫৮), মুক্তিযোদ্ধা মেধাক্রম (১-৬) এবং উপজাতি মেধাক্রম (০১)
ভর্তির তারিখ : ২২/১১/২০১৬, সময় : ১০.০০-৪.০০

প্রথম অপেক্ষমান তালিকা থেকে ভর্তি

মেধাক্রম (২৫৯-১২৯০), মুক্তিযোদ্ধা মেধাক্রম (৭-৩০) এবং উপজাতি মেধাক্রম (নাই)

রিপোর্টের তারিখ : ০১/১২/২০১৬, সময় : ০৯.০০-১২.০০

ভর্তির তারিখ : ০১/১২/২০১৬, সময় : ০১.০০-৪.০০



(প্রফেসর ড. মোঃ রেজাউল হক)

ডিন

বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল

ও সভাপতি, ভর্তি কমিটি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।